# Sanatan Dharma



**সূর্যদেব**

সূর্যদেবের দুটি হাত। তিনি কমলাসনে বিরাজিত। তাঁর দুটি হাতেই কমল সুশোভিত, মাথায় সুন্দর স্বর্ণমুকুট এবং গলায় রত্নহার। তাঁর কান্তি পদ্মফুলের ভিতরের অংশের মতো। তিনি সাতটি ঘোড়ায় টানা রথে উপবিষ্ট।

সূর্যদেবের একটি নাম সবিতা। এর অর্থ সৃষ্টিকর্তা 'সবিতা সর্বস্ব প্রসবিতা' (নিরুক্ত, ১০।৩১)।
ঋগ্বেদে অনুসারে আদিত্যমগুলের অন্তঃস্থিত সূর্যদেব সকলের প্রেরক ।

ভগবান সূর্যের রঙ লাল। এঁর বাহন হল রথ। এঁর রথে একটিই চাকা। একে সংবৎসর বলা হয়। এই চাকায় বারো মাসের মতো বারটি চক্রদণ্ড আছে। ছয় ঋতুর মতো ছয়টি চক্রবেষ্টন এবং চতুর্মাসরূপ তিনটি চক্রদণ্ড আছে।
চক্র, শক্তি, পাশ এবং অঙ্কুশ হল এর প্রধান অস্ত্র।

এইটিই বৈদিক তেজোদীপ্ত ও-কার স্বরূপ সূর্য দেবতা। এই সূর্যস্বরূপ তেজে সৃষ্টির আদিতে সর্বপ্রথম প্রকট হয়েছিল। তাই এর নাম আদিত্য হয়েছে।

ভগবান সূর্য হলেন সিংহ রাশির প্রভু। সূর্য নবগ্রহগুলির মধ্যে সর্বপ্রধান দেবতা। এঁর মহাদশা হয় ছয় বছরের। সূর্যের প্রসন্নতা এবং শান্তির জন্য প্রতিদিন সূর্যার্থ দিতে হয় এবং হরিবংশ পুরাণ শ্রবণ করা উচিত। মাণিকা ধারণ করতে হয় এবং গম, সবৎসা গাভী, গুড়, তামা, সোনা এবং লাল কাপড় ব্রাহ্মণকে দান করতে হয়।

সূর্যের শান্তির জন্য বৈদিক মন্ত্র হল- 'ওঁ আ কৃষ্ণেন রজসা বর্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্যং চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশান্।।'

Published on: Jun, 07 2025 18:29

পৌরাণিক মন্ত্র হল-'জপাকুসুমসংকাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। তমোহরিং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্।'

বীজ মন্ত্র হল- 'ওহ্রাং হ্রীং হৌং সঃ সূর্যায় নমঃ'

সূর্যায় নমঃ' আর সাধারণ মন্ত্র হল 'ওঁ ঘৃণি সূর্যায় নমঃ।' এগুলির যে কোনো একটিকে সশ্রদ্ধভাবে নির্দিষ্ট সংখ্যায় নিত্য জপ করা উচিত। জপের মোট সংখ্যা হল ৭০০০ এবং সময় প্রাতঃকাল।